

মডেল অ্যাক্টিভিটি টাস্ক
বাংলা (প্রথম ভাষা)
দশম শ্রেণি

১. ঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :

১.১ তপনের লেখা যে গল্পটি ‘সন্ধ্যাতারা’ পত্রিকায় ছাপা হয়েছিল—

- ক) রাজা ও রানি
- খ) অ্যাকসিডেন্ট
- গ) প্রথম দিন
- ঘ) স্কুলে ভরতি হওয়ার দিনের অভিজ্ঞতা

১.২ পাঠ্য ‘অসুখী একজন’ কবিতাটির অনুবাদক—

- ক) শঙ্খ ঘোষ
- খ) নবাবুণ ভট্টাচার্য
- খ) উৎপলকুমার বসু
- ঘ) মানবেন্দ্র বন্দ্যোপাধ্যায়

১.৩ ‘আফ্রিকা’ কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুরের যে কাব্যগ্রন্থে রয়েছে—

- ক) মানসী
- খ) চিত্রা
- গ) পত্রপুট
- ঘ) নৈবেদ্য

১.৪ ‘বাবু কুইল ড্রাইভারস’ কথাটি বলতেন—

- ক) ওয়াটারম্যান
- খ) লর্ড কার্জন
- গ) উইলিয়াম জোন্স
- ঘ) উইলিয়াম হেস্টিংস

১.৫ যে কাব্যগ্রন্থটি শঙ্খ ঘোষের লেখা নয়—

- ক) দিন ও রাত্রি
- খ) দিনগুলি রাতগুলি
- গ) পাঁজরে দাঁড়ের শব্দ
- ঘ) ধূম লেগেছে হুং কমলে

২. কম-বেশি ২০টি শব্দের উত্তর লেখো :

২.১ কোন্ কথাটি শুনে তপনের চোখ মার্বেল হয়ে গিয়েছিল?

২.২ ‘অসুখী একজন’ কবিতাটি পাবলো নেবুদার কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।
কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।

- ২.৩ ‘হারিয়ে যাওয়া কালি কলম’ প্রবন্ধে প্রাবন্ধিক ছেলেবেলায় কার লেখা জ্যামিতি পড়েছিলেন বলে জানিয়েছেন ?
- ২.৪ ‘আফ্রিকা’ কবিতায় দিনের অস্তিমকাল কীভাবে ঘোষিত হয়েছিল ?
- ২.৫ ‘আয় আরো বেঁধে বেঁধে থাকি’ কবিতায় কবি ‘পায়ে পায়ে হিমালীর বাঁধ’ বলতে কী নির্দেশ করেছেন ?

৩. প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০টি শব্দের মধ্যে উত্তর লেখো :

- ৩.১ ‘ওর হবে।’—বক্তা কে? কেন তার এমন মনে হয়েছে ?
- ৩.২ ‘অসুখী একজন’ কবিতায় কার মাথার উপর বছরগুলি কেন পর পর পাথরের মতো নেমে এসেছিল ?
- ৩.৩ ‘আমরা ভিখারি বারোমাস।’—‘আয় আরো বেঁধে বেঁধে থাকি’ কবিতায় কবির এমন মন্তব্যের কারণ বিশ্লেষণ করো।
- ৩.৪ ‘উদ্ভাস্ত আদিম যুগের কথা ‘আফ্রিকা’ কবিতায় কীভাবে উল্লিখিত হয়েছে ?
- ৩.৫ ‘আমি যেখানে কাজ করি সেটা লেখালেখির আপিস।’— সেই আপিসের চিত্র লেখক কীভাবে উপস্থাপিত করেছেন ?

৪. নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো (কম-বেশি ১৫০ শব্দ) :

- ৪.১ ‘পৃথিবীতে এমন অলৌকিক ঘটনা ও ঘটে?’—কোন ঘটনাকে ‘অলৌকিক’ আখ্যা দেওয়া হয়েছে? সেই ঘটনার প্রতিক্রিয়া কী হয়েছিল, ‘জ্ঞানচক্ষু’ গল্প অনুসরণে বুঝিয়ে দাও।
- ৪.২ ‘আয় আরো বেঁধে বেঁধে থাকি’ কোন কাব্যগ্রন্থের অন্তর্গত কবিতা? কবিতায় এই আহ্বান ধ্ববিত হয়েছে কেন ?
- ৪.৩ ‘দস্যুরা কীভাবে আফ্রিকার ইতিহাসে চিরচিহ্ন এঁকে দিয়ে গিয়েছিল, তা ‘আফ্রিকা’ কবিতা অনুসরণে আলোচনা করো।
- ৪.৪ ‘জন্ম নিল ফাউন্টেন পেন।’—‘হারিয়ে যাওয়া কালি কলম’ রচনা অবলম্বনে ফাউন্টেন পেনের জন্মবৃত্তান্ত আলোচনা করো।
- ৪.৫ ‘তারপর যুদ্ধ এল।’— কীসের মতো যুদ্ধ এল? তার কী পরিণতি ঘটল ?

৫. নির্দেশ অনুযায়ী উত্তর দাও :

- ৫.১ অনুসর্গ হলো একপ্রকার—
- (ক) বিশেষ্য পদ (খ) বিশেষণ পদ
- (গ) সর্বনাম পদ (ঘ) অব্যয় পদ
- ৫.২ ‘বিভক্ত কখনোই লুপ্ত হয় না—
- (ক) কর্মকারকে (খ) করণ কারকে
- (গ) সম্বন্ধ পদে (ঘ) কর্তৃকারকে
- ৫.৩ নির্দেশকের একটি উদাহরণ হলো—
- (ক) হইতে (খ) কর্তৃক
- (গ) জন্য (ঘ) গুলি

৬. বঙ্গানুবাদ করো :

Home is the first School where the Child learns his first lesson. He sees, hears and begins to learn at home. It is home that builds his Character. In a good home honest and healthy men are made.

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।
কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।